গাজীপুর পুলিশের এপিসি ভাঙচুরের চেষ্টা, ব্যারিকেডে আগুন



ছবি: সংগৃহীত

গাজীপুর মহানগরীর ভোগরা এলাকায় শ্রমিকদের বিক্ষোভ ঘিরে উত্তেজনা ছড়িয়ে পড়েছে। বিক্ষোভ চলাকালে পুলিশের একটি এপিসি (আর্মার্ড পারসোনেল ক্যারিয়ার) ভাঙচুরের চেষ্টা করা হয়। এ সময় পুলিশের ব্যারিকেডে আগুন দেওয়ার পাশাপাশি সড়কেও আগুন জ্বালানো হয়। এসব ঘটনায় এক সাংবাদিক আহত হয়েছেন। মঙ্গলবার (১৭ নভেম্বর) দুপুরে এ ঘটনা ঘটে।

বিক্ষোভ ও সংঘর্ষের কারণে ওই এলাকায় যান চলাচল ব্যাহত হচ্ছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা সতর্ক অবস্থানে রয়েছেন।

LENS ASIA